মুজিবনগরে প্রেমিকের বাড়িতে প্রেমিকার অনশন

মুজিবনগরে ওয়াসিম(২৬) নামের এক যু্বকের সাথে দির্ঘ ৭ বছর প্রেম করার পর বিয়ের দাবিতে তার বাড়িতে অনশন করেছে শিউলি খাতুন(১৯) নামের এক যুবতি। ।রবিবার ভোর রাত থেকে তার বাড়ির সামনে বসে আছে বলে জানিয়েছে শিউলি খাতুন।

এদিকে শিউলি খাতুন তার বাড়িতে অনশন করার পর থেকে ওয়াসিম গা ঢাকা দিয়েছে বলে জানা গেছে।

প্রেমিক ওয়াসিম মুজিবনগর উপজেলার আনন্দবাস বিশ্বিস পাড়ার আবুল হোসেনের ছেলে।এবং প্রেমিকা শিউলি খাতুন একই গ্রামের ইনু বিশ্বাসের মেয়ে।

তাছাড়া ওয়াসিম ও শিউলি খাতুন একে অপরের প্রতিবেশি বলে জানিয়েছে স্থানিয়রা।

শিউলি খাতুন জানান, দির্ঘ ৭ বছর যাবত ওয়াসিম ও সে একে অপরকে ভালোবেসে আসছে। আমি ওয়াসিমকে বার বার বিয়ের কথা বললে ওয়াসিম সময় নিতে থাকে। এভাবে অপেক্ষা করতে করতে চলে যায় ৭ টি বছর।পরে যখন আমি বুঝতে পারি সে আমাকে বিয়ে না করে অন্য যায়গায় মেয়ে দেখছে তখন আমি তার ডাকে আজ ভোর রাতে তার বাসাতে যায়। তার বাসাতে যাওয়ার পর তার পরিবারের লোকজনের কথা শুনে আমাকে বিয়ে করতে নাখোজ করে। পরে আমার মোবইল নিয়ে আমাদের ৭ বছর চলাকালীন রিলেশনের যত ছবি, কথার রেকোর্ড ছিলো সেগুলো সব ডিলিট করে দেয়। এবং আমাকে বাড়ি থেকে বের করে দিয়ে বলে এখন বাসায় যা পরে ভেবেচিন্তে দেখবো কি করা যায়।

কেন সে ছেলের বাসার সামনে বসে আছে সে বিষয়ে জানতে চাইলে সে জানায়, আমার এই মুখ নিয়ে আমি আর বাসায় যেতে পারবো না। আমি যখন তার বাড়িতে চলে এসেছি,তাকে বিয়ে না করা প্রযন্ত বাড়ি ফিরবো না।

এদিকে মেয়ের কথার ভিন্ন মত পোষন করে ছেলের মা জানান,আমার ছেলে ঢাকাতে চাকরি করে। সে আজ ৩ দিন আগে বাসায় এসেছে।আমার ছেলে তাকে ডাকেনি। সে নিজেই আজ সকালে বাসায় এসে আমার ছেলেকে বিয়ে করবে বলে দাবি করে।

মেয়ের সাথে তার ছেলের ৭ বছরের সম্পর্কের বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, আমার বাড়ি আর মেয়ের বাড়ি একই জায়গায়। প্রতিবেশি হিসাবে যেভাবে কথা বলার দরকার সেভাবেই দেখি আমার ছেলে কথা বলে।মেয়ের সাথে আমার ছেলের সম্পর্ক আছে কিনা আমি জানিনা। তবে যদি এরকম সম্পর্ক তাদের থেকে থাকে সেটা আমি কখনই মেনে নেবো না। মেয়ের আমার পছন্দ না, আমি আমার ছেলের সাথে কখনই ঐ মেয়ের বিয়ে দেবো না। তারপরেও যদি আমার ছেলে ঐ মেয়েকে বিয়ে করে তবে আমার বাড়িতে তাদের আশ্রয় হবে না।

মেয়ের অনশনের বিষয়ে জানতে চাইলে স্থানীয়রা জানায়, ছেলে ও মেয়ের দির্ঘদিন ধরে সম্পর্ক আছে এটা আমরা শুনেছি। তবে মেয়ে যে কখন ছেলের বাড়ি চলে এসেছে সেটা আমরা কেউ জানিনা। সকালে ঘুম থেকে উঠে জানতে পারি ছেলের বাড়ি মেয়ে চলে এসে বিয়ের দাবিতে অনশন করেছে।

এ ঘটনার বিষয়ে ওয়াসিমের কাছে জানতে চাওয়া হলে সম্পর্কের কথা নাখোজ করে তিনি বলেন, আমি তার সাথে দির্ঘদিন ধরে কথা বলি এটা সত্য কথা। কিন্তু তার সাথে আমার প্রেমের কোন সম্পর্ক নেই।তাছাড়া তাকে আমি ফোন করে আমার বাসায় আসতেও বলিনি। সকালে আমি ঘুমিয়ে ছিলাম, ঘুমন্ত অবস্থায় সকালে সে আমার ঘরে এসে আমাকে ডাকাডাকি শুরু করে। ঘুম থেকে উঠতেই সে আমাকে বলে বিয়ের কথা। কিন্তু আমি তাকে বিয়ে করতে না চাইলে সে বলে বিয়ে না করলে আমার বাড়ি থেকে সে যাবে না। পরবর্তিতে এসব বিষয়ে ঝামেলা শুরু হলে আমি বাড়ি থেকে চলে আসি।

-মুজিবনগর অফিস

মেহেরপুর, গাংনী, মুজিবনগর ও আলমডাঙ্গায় জাতীয় সমবায় দিবস পালিত

‘বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন’ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে পতাকা উত্তোলন, কপোত মুক্তকরণ, বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভার

মধ্য দিয়ে মেহেরপুরে ৪৮ তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে।

শনিবার সকালে মেহেরপুর জেলা সমবায় অফিস এ দিনটি পালন করে। মেহেরপুরের জেলা প্রশাসক মো: আতাউল গনির সভাপতিত্বে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এসএম মুরাদ আলি, সদর উপজেলা নির্বাহী অফিসার মো: মাসুদুল আলম, ডা. অলোক কুমার দাস। স্বাগত বক্তব্য রাখেন জেলা সমবায় অফিসার সৈয়দ জসীমউদ্দীন। রোকনুজ্জামান তুষারের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মৎস্যজীবী প্রতিনিধি আব্বাস আলী, ক্ষুদিরাম হালদার প্রমুখ।

এদিকে ৪৮ তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে সকালে একটি র্যালীবের করা হয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর নেতৃত্বে র্যালীটি জেলা সমবায় অফিস থেকে শুরু করে প্রধান সড়ক হয়ে জেলা শিল্পকলা একাডেমীতে শেষ হয়। পরে জেলা শিল্পকলা একাডেমীর সামনে জাতীয় পতাকা ও সমবায় পতাকা উত্তোলন করে সেখানে শান্তির প্রতিক কবুতর উড়ানো হয়। পরে সমবায় কাজে বিশেষ অবদান রাখায় সমবায়ীদের মাঝে ক্রেস্ট প্রদান করা হয়।

গাংনী প্রতিনিধি জানান, “বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন” এ প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের গাংনীতে ৪৮তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বেলা সাড়ে ১০টার দিকে আলোচনা সভার শুরুতে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন করা হয়।

এর পরপরেই উপজেলা পরিষদের সভা কক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়।
আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে ও উপজেলা প্রশাসন, সমবায় বিভাগ ও সমবায় বৃন্দদের আয়োজনে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ

সম্পাদক এম এ খালেক, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি সিরাজুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, পৌর মেয়র আশরাফুল ইসলাম প্রমুখ।

এ সময় উপজেলার সকল সমবায় সমিতির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগর অফিস জানায়, গতকাল ০২ নভেম্বর আলোচনা সভা, র্যালী ও সমবায়ীদের মাঝে পুরষ্কার বিতরনের মধ্যে দিয়ে মুজিবনগরে ৪৮ তম সমবায় দিবস পালিত হয়েছে।
গতকাল শনিবার সকালে উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাসের নেতৃত্বে উপজেলা পরিষদ চত্তর থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্তরে গিয়ে শেষ হয়। পরে উপজেলা পরিষদ মিলনাআয়তনে এক আলোচনা সভা ও সেরা সমবায় সমিতির মধ্যে পুরষ্কার বিতরন করা হয় ।

তথ্যসেবা কর্মকর্তা তানিয়া খন্দকারের সঞ্চালনায় উপজেলা নির্বাহী অফিসার উসমান গনির সভাপতিত্বে “বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন” এই প্রতিপাদ্য সামনে রেখে শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথি বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার শামীম রেজা, গোপালনগর কোঅপারেটিভ ক্রেডিট লীগের চেয়ারম্যান ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক আব্দুর রাজ্জাক, সিডিবি চেয়ারম্যান সাহাবুদ্দীন, দারিদ্র বিমোচন অফিসার প্রসেনজিৎ কুমার ঘোষ, অনুষ্ঠানে সমাপনি বক্তব্য রাখেন উপজেলা সমবায় অফিসার আব্দুর রশিদ প্রমুখ।

এর আগে জাতীয় সংগীতের সুরে সুরে জাতীয় পতাকা ও সমবায় পতাকা উত্তোল করা হয়। উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস ও উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী পতাকা উত্তোলন করেন।

আলমডাঙ্গা প্রতিনিধি জানান, আলমডাঙ্গায় ৪৮ তম জাতীয় সমবায় উপলক্ষে র্যালী, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্টিত হয়েছে। গতকাল সকাল ১০ টার দিকে উপজেলা চত্তর থেকে এক বর্নাঢ্য র্যালী শহর প্রদক্ষিণ শেষে মুক্তিযোদ্ধা হলরুমে আলোচনা সভা অনুষ্টিত হয়।

সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান।

সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিনের উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুরমোহাম্মদ জকু, সহকারি পরিদর্শক আবুল হোসেন, বুলবুল হোসেন, মিজানুর রহমান, বিআরডিবি চেয়ারম্যান মুহিদুল ইসলাম মুহিদ, বিআরডিবি বিত্তহীন সমবায় সমিতির সভাপতি মুকছার আলী, উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক আতিয়ার রহমান, প্রকল্প কর্মকর্তা এনামুল হক, আইসিটি কর্মকর্তা স্নিগ্ধা দাস, তন্তুবায় সমবায় সমিতির সম্পাদক হাজী গোলাম রহমান সিঞ্জুল প্রমুখ।

স্বাগত বক্তব্য রাখেন সমবায় অফিসার নাজির হোসেন। অনুষ্টানে আলমডাঙ্গা বন্ধন ক্যাবল নেটওয়ার্ক সমবায় সমিতিকে প্রথম স্থান, নওদা দুর্গাপুর মধ্যমাঠ সমবায় সমিতি ২য়, ও ঐসি সঞ্চয় ঋনদান সমবায় সমিতি ৩য় স্থান অধিকার কারায় তাদের পুরস্কার প্রদান করা হয়।
এ ছাড়াও ১৬ জন ব্যাক্তি ও প্রতিষ্টানকে পুরস্কার প্রদান করেন, তাদের মধ্যে উল্লেখ্য মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুরমাহাম্মদ জকু, আলমডাঙ্গা প্রেসক্লাব, আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ, উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন, পৌর মেয়র হাসান কাদীর গনু, শামিম রেজা প্রমুখ।

মুজিবনগরে পরিক্ষার কেন্দ্র পরিদর্শন করলেন ইউএনও

মুজিবনগরে জেএসসি সমমানের পরিক্ষার কেন্দ্র পরিদর্শন করলেন উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট উসমান গনী ।

শনিবার সকালে পরিক্ষা চলাকালীন সময়ে তিনি উপজেলার সকল কেন্দ্রে অনুষ্ঠিত পরিক্ষার সেন্টার পরিদর্শন করেন।

এ সময় মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন উপস্থিত ছিলেন। মানবিক বিভাগের জন্য মুজিবনগর উপজেলায় মূল পরিক্ষণ কেন্দ্র মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয়, ভেনু মানিকনগর ডিএস আমেনিয়া দাখিল মাদ্রাসা ও ভোকেশনাল বিভাগের জন্য দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রসহ মোট ৩টা কেন্দ্রে অনুষ্ঠিত পরিক্ষায় ১৮টি বিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহন করেন।

মানবিক বিভাগে নিয়মিত ১৬৭৫ জন, অনিয়মিত ২৫৬ জন ও ভোকেশনাল বিভাগে নিয়মিত ১৯১ জন, অনিয়মিত ১৩৬ জন পরিক্ষার্থী অংশ নেন।

পরিক্ষণ কেন্দ্র সচিবের দায়িত্ব পালন করছেন মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম ও দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কেয়ামত মালিথা। প্রথম দিনে সকল বিভাগে বাংলা পরিক্ষা অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর অফিস

মুজিবনগরে পরিক্ষার কেন্দ্র পরিদর্শন করলেন ইউএনও

মুজিবনগরে জিএসসি সমমানের পরিক্ষার কেন্দ্র পরিদর্শন করলেন উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট উসমান গনী ।

শনিবার সকালে পরিক্ষা চলাকালীন সময়ে তিনি উপজেলার সকল কেন্দ্রে অনুষ্ঠিত পরিক্ষার সেন্টার পরিদর্শন করেন।

এ সময় মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন উপস্থিত ছিলেন। মানবিক বিভাগের জন্য মুজিবনগর উপজেলায় মূল পরিক্ষন কেন্দ্র মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয়, ভেনু মানিকনগর ডিএস আমেনিয়া দাখিল মাদ্রাসা ও

ভোকেশনাল বিভাগের জন্য দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রসহ মোট ৩টা কেন্দ্রে অনুষ্ঠিত পরিক্ষায় ১৮টি বিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহন করেন।

মানবিক বিভাগে নিয়মিত ১৬৭৫ জন, অনিয়মিত ২৫৬ জন ও ভোকেশনাল বিভাগে নিয়মিত ১৯১ জন, অনিয়মিত ১৩৬ জন পরিক্ষার্থী অংশ নেন।

পরিক্ষন কেন্দ্র সচিবের দায়িত্ব পালন করছেন মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম ও দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কেয়ামত মালিথা। প্রথম দিনে সকল বিভাগে বাংলা পরিক্ষা অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর অফিসে

মুজিবনগরে নানা আয়োজনের মধ্যদিয়ে ৪৮ তম সমবায় দিবস পালিত

আলোচনা সভা, র্যালী ও সমবায়ীদের মাঝে পুরষ্কার বিতরনের মধ্যে দিয়ে মুজিবনগরে ৪৮ তম সমবায় দিবস পালিত হয়েছে।

শনিবার সকালে উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাসের নেতৃত্বে উপজেলা পরিষদ চত্তর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিন শেষে উপজেলা পরিষদ চত্তরে গিয়ে শেষ হয়।

পরে উপজেলা পরিষদ মিলনয়াতনে এক আলোচনা সভা ও সেরা সমবায় সমিতির মধ্যে পুরষ্কার বিতরন করা হয় ।

তথ্যসেবা কর্মকর্তা তানিয়া খন্দকারের সঞ্চালনায় উপজেলা নির্বাহী অফিসার উসমান গনির সভাপতিত্বে “বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন” এই প্রতিপাদ্য সামনে রেখে শীর্শক আলোচনা সভায় প্রধান অতিথি বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার শামীম রেজা, গোপালনগর কোঅপারেটিভ ক্রেডিট ইউনিয়ন এর চেয়ারম্যান ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক আঃ রাজ্জাক, সিডিবি চেয়ারম্যান

সাহাবুদ্দীন,দারিদ্র বিমোচন অফিসার প্রসেনজিৎ কুমার ঘোষ, অনুষ্ঠানে সমাপনি বক্তব্য রাখেন উপজেলা সমবায় অফিসার আঃ রশিদ প্রমুখ।

এর আগে জাতীয় সংগীতের সুরে সুরে জাতীয় পতাকা ও সমবায় পতাকা উত্তোল করা হয়। উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস ও উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী পতাকা উত্তোলন করেন।

মুজিবনগর অফিস

মুজিবনগরে পুকুরে ডুবে বৃদ্ধ মহিলার মৃত্যু

মুজিবনগর ভবরপাড়া নপড়া পুকুরে ডুবে দৈলী খাতুন (৮৫) নামের এক বৃদ্ধ মহিলার মৃত্যু হয়েছে। তিনি ভবরপাড়া গ্রামের বাজারপাড়া এলাকার মৃত মিনহাজ মল্লিকের সহধর্মিণী।

গতকাল শুক্রবার বিকালে পরিবারের লোকজন জানান প্রতিদিনের নেয়ে আজ বাসা থেকে বের হয়ে নপড়া পুকুরে গোসল করতে গিয়ে সময় ঐ পুকুরে পড়ে পানির নিচে তলিয়ে যান। সন্ধা ৬ টার দিকে পুকুরে লাশ ভেসে উঠতে দেখে স্থানীয় লোকজন পুলিশকে খবর দেয়। খবর পেয়ে মুজিবনগর থানা পুলিশ ঘটনাস্থলে এসে পুকুর থেকে লাশটি উদ্ধার করে।

স্থানীয় সুত্রে জানা যায় তিনি মৃগ্রির প্রতিকন্ধি রুগী ছিলেন এমনটি জানান এলাকাবাসী। পরিবারের কোন অভিযোগ না থাকায় লাশটি পরিবারের নিকট হস্তান্তর করে।
মুজিবনগর থানার অফিসার ইনচারর্জ আবদুল হাসেম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

মুজিবনগর প্রতিনিধি

[redacted]

[redacted]

বাগোয়ান যুবসংঘ শেখ রাসেল ফুটবলে শিবপুর চ্যাম্পিয়ন

মেহেরপুরের মুজিবনগর বাগোয়ান যুব সংঘের অনুষ্ঠিত শেখ রাসেল ফুটবল টুর্নামেন্টের ফাইনালে আনন্দবাস একাদশ কে ২-০ গোলের বড় ব্যবধানে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে শিবপুর একাদশ।

মুজিবনগর বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয় মাঠে গতকাল বৃহস্পতিবার বিকেলে ফাইনাল এ ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

কাজী কমর উদ্দীন সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়নের চেয়ারম্যান আয়ুব হোসেন, টুরিষ্ট পুলিশ ইনচার্জ সাজ্জাদ হোসেন।

আরোও উপস্থিত ছিলেন বাগোয়ান আওয়ামী যুবলীগের সভাপতি আজিজুর রহমান মোংলা সহ এলাকাবাসী।

মুজিবনগর প্রতিনিধি

মুজিবনগরে শ্বাস রোধ করে বৃদ্ধাকে হত্যা !

মেহেরপুরের মুজিবনগর উপজেলার একটি মাঠ থেকে সফেদা খাতুন নামের এক বৃদ্ধার লাশ উদ্ধার করেছে পুলিশ। গতকাল বুধবার রাতে উপজেলার বাগোয়ান গ্রামের শারঘর মাঠ থেকে লাশটি উদ্ধার করা হয়। ওই বৃদ্ধার নাম সফেদা খাতুন (৭০)। তিনি ওই গ্রামের মৃত আবদুল জলিলের স্ত্রী।

পুলিশ জানায়, সফেদা খাতুন প্রতিদিন তাঁর ১১টি ছাগলকে ঘাস

খাওয়ানোর জন্য মাঠে নিয়ে যেতেন। পুলিশ লাশ উদ্ধারের সময় ৯টি ছাগল দেখতে পায়। ২টি ছাগল পাওয়া যায়নি। এ ছাড়া লাশ উদ্ধারের সময় গলায় ফাঁস দেওয়ার মতো দাগ ছিল। এতে করে প্রাথমিকভাবে সন্দেহ করা হচ্ছে, ছাগল চুরিতে বাধা দেওয়ায় বৃদ্ধাকে শ্বাসরোধে হত্যা করা হয়ে থাকতে পারে।

বৃৃহস্পতিবার দুপুরে ময়নাতদন্ত শেষ করে লাশ পরিবারের কাছে হস্তান্তর করেছে পুলিশ। এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবদুল হাশেম এ খবরের সত্যতা নিশ্চিত করেছেন। পুলিশ এই হত্যাকাণ্ডের তদন্ত করছে।

-নিজস্ব প্রতিনিধি

মিলু কোমরপুর মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি পুনঃ নির্বাচিত

মুজিবনগর উপজেলার কোমরপুর মাধ্যমিক বিদ্যালয়ের কার্যনির্বাহী কমিটির সভাপতি নির্বাচন সম্পন্ন হয়েছে। মহাজনপুর ইউনিয়ন চেয়ারম্যান আমাম হোসেন মিলু পুনরায় সভাপতি নির্বাচিত হয়েছে।

গতকাল বুধবার বিকেল ৩টায় কোমরপুর মাধ্যমিক বিদ্যালয় অফিস রুমে উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেন উপস্থিতে ওই নির্বাচন কোন প্রতিদন্দী প্রার্থী না থাকায় ভোটারা সর্ব সম্মতিক্রমে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু ৪র্থ বারের মত কোমরপুর মাধ্যমিক বিদ্যালয় কার্যনির্বাহী কমিটির সভাপতি নির্বাচিত করেন।

এ সময় সেখানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুর ইসলামসহ ওই কমিটির সদস্যবৃন্দ।

মুজিবনগর প্রতিনিধি